গায়ত্রী শাপোদ্ধার মন্ত্র

**গায়ত্রী শাপোদ্ধার মন্ত্র:---**

ব্রহ্মা, বশিষ্ঠ, ও বিশ্বমিত্র---- এই তিনজন ঋষি ভিন্ন ভিন্ন সময় সৃষ্টি, স্থিতি, এবং প্রলয়ের শক্তি লাভের জন্য দীর্ঘকালব্যাপী সপ্রণব গায়ত্রী দেবীর উপাসনা করেন তখন গায়ত্রীদেবী স্বয়ং আবির্ভূত হইয়াও তাঁহাদের অভিষ্ট পূরণ করতে অসম্মত হইলেন। ইহাতে উক্ত ঋষিরা ক্রুদ্ধ হইয়া গায়ত্রীদেবীকে "তুমি হীনপ্রভ হও" বলিয়া অভিশাপ দেন। তাহার পর দেবগন এই অভিশাপ শুনিয়া বহু স্তব স্তুতি দ্বারা ব্রহ্মা, বশিষ্ঠ, এবং বিশ্বামিত্রের ক্রোধ দূর করিলে তাঁহারা বলিলেন যে, "এই তিনটি মন্ত্রই পাঠ করিলে গায়ত্রী আমাদের অভিশাপ হইতে মুক্ত হইবেন।".......
গায়ত্রী শাপোদ্ধার*---(ইহা গায়ত্রী জপের পূর্বে পাঠ্য আবশ্যক).....

অস্য গায়ত্রী শাপোবিমোচনমন্ত্রস্য ব্রহ্ম ঋষির্গায়ত্রীছন্দো বরুনো দেবতা ব্রহ্মশাপোবিমোচনে বিনিয়োগঃ। ওঁ গায়ত্রী ত্বং যদব্রহ্মেতি ব্রহ্মবিদো বিদুস্তাং* পশ্যন্তি ধীরাঃ। সুমনসো বা গায়ত্রী ত্বং ব্রহ্মশাপাদ বিমুক্তা ভব ।। (১)

গায়ত্র্যা বশিষ্ঠ শাপ বিমোচনমন্ত্রস্য বশিষ্ঠঋষিরনুষ্টুপ্ ছন্দো ব্রহ্ম-বিষ্ণু-রুদ্র দেবতা বশিষ্ঠশাপবিমোচনে বিনিয়োগঃ। ওঁ অর্কজ্যোতিরহং ব্রহ্ম ব্রহ্মজ্যোতিরহং শিবঃ। শিবজ্যোতিরহং বিষ্ণুর্বিষ্ণুজ্যোতিরোহং শিবঃ পরঃ। গায়ত্রী ত্বং বশিষ্ঠশাপাদ বিমুক্তা ভব ।। (২)

গায়ত্র্যা বিশ্বামিত্র শাপবিমোচনমন্ত্রস্য বিশ্বামিত্রঋষিরনুষ্টুপ্ ছন্দো গায়ত্রী দেবতা বিশ্বামিত্রশাপবিমোচনে বিনিয়োগঃ। ওঁ অহ দেবী মহাদেবী বিদ্যে সন্ধ্যে সরস্বতী। অজরে অমরে চৈব ব্রহ্মযোনি নমোহস্তু তে। গায়ত্রী বিশ্বমিত্র শাপাদ বিমুক্তা ভব ।। (৩)

।।ইতি গায়ত্রীশাপোদ্ধারঃ সমাপ্তম।।